

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৪
খোয়াই, ১৯ জুন, ২০২৪

খারিফ অভিযান
খোয়াই কৃষি মহকুমায় কর্মশালা

খারিফ অভিযানে আত্মা (এটিএমএ) প্রকল্পে আজ খোয়াই মহকুমা কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয়ের কনফারেন্স হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন খোয়াই পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তাপস দাস। কর্মশালায় খারিফ মরশুমে উচ্চফলনশীল ও সংকর জাতীয় ধান চাষে গুরুত্ব আরোপ করা হয়। কর্মশালায় মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ জানান, খোয়াই কৃষি মহকুমায় ৩,৫০০ জন কৃষকের ডাটাবেস তৈরি করা হয়েছে। কৃষকদের ডাটাবেস তৈরিতে অন্যান্য কৃষকদেরও উৎসাহিত করা হচ্ছে। কর্মশালায় খোয়াই ব্লকের বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, উপপ্রধানগণ অংশ নেন।
